

তাওহীদ (আলাহর একত্ববাদ) কি ?

১। তাওহীদ হলো ইছলাম, ঈমান ও শরী'য়তের ইছলামিয়্যাহর সর্বপ্রধান ভিত্তি।

২। তাওহীদ হলো মানুষের উপর আলাহর হক্ব বা প্রাপ্য, যা আলাহর প্রতি মানুষের অবশ্য করণীয়। যেমন রাছুল ﷺ বলেছেন:-

أى شىء من أولئى الودب عى نأ دابع لى ع لى ح

অর্থাৎ:- বান্দাহর উপর আলাহর হক্ব হলো, তাঁরা একমাত্র আলাহরই "ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না। (সহীহ বুখারী ও সহীহ মুছলিম)

৩। তাওহীদ হলো সেই বিষয়, যা প্রতিষ্ঠা ও বাস্তবায়নের জন্য আলাহ ﷻ মানুষ ও জিন জাতিকে সৃষ্টি করেছেন।

আলাহ ﷻ ইরশাদ করেছেন:

نودب عى لى سنل و نجل تنقلخ هو

অর্থাৎ:- আমি মানব ও জিন জাতিকে একমাত্র আমার "ইবাদত করার জন্যই সৃষ্টি করেছি। (ছুরা আয্যারিয়াত -৫৬)

আয়াতে উলিখিত "আমারই "ইবাদত করার জন্য" কথাটির অর্থ হচ্ছে, "সর্বক্ষেত্রে আমাকে এক ও অদ্বিতীয় নির্ধারণ করার জন্য তথা তাওহীদ প্রতিষ্ঠা করার জন্য"।

৪। তাওহীদ হলো আলাহর প্রেরিত সকল নবী-রাছুলের ((مسلل او ةالصلل مهىل ع)) দাও'য়াতের প্রধান প্রতিপাদ্য ও মূল বিষয়।

আলাহ ﷻ ইরশাদ করেছেন:-

نودب عاف أن اللل هلل ال هلل لى حون اللل لوسر نمل للبلق نمل أنلسرأ هو

অর্থাৎ:- আপনার পূর্বে আমি যে, রাছুলই প্রেরণ করেছি, তাঁর প্রতি এ প্রত্যাদেশই প্রেরণ করেছি যে, আমি ব্যতীত অন্য কোন উপাস্য নেই। সুতরাং তো-মরা আমারই "ইবাদত করো। (ছুরা আল আমিয়া- ২৫)

এমনিভাবে নবী- রাছুলগণের ((مهلل او ةالصلل مهىل ع)) প্রকৃত ও যথার্থ অনুসারী 'উলামায়ে কেলাম ও দা'য়ী ইলালাহগণেরও দা'ওয়াতের প্রধান ও মূল বিষয় হলো তাওহীদ। রাছুল ﷺ মু'আয ইবনে জাবাল ؓ কে আহলে কিতাবদের (আছমানী কিতাবদারী; ইয়াহুদী ও নাসারা সম্প্রদায়কে আহলে কিতাব বলা হয়) অন্তর্ভুক্ত এক সম্প্রদায়ের নিকট ইছলামের দা'ওয়াত দিয়ে পাঠানোর সময় তাঁকে বলে দিয়েছিলেন:-

هلل اللل هلل ال نأ قدامش هلل موعدت ام لوأ نكلىل لباتكلل لهأ نمل هو قى يتأت لنل

অর্থাৎ:- তুমি আহলে কিতাবের এক সম্প্রদায়ের নিকট যাচ্ছ, তাই তুমি প্রথমেই তাদেরকে اللل اللل هلل (আলাহ ব্যতীত আর কোন মা'বুদ নেই) এই ঘোষণা ও সাক্ষ্য প্রদানের আহবান জানাবে। (সহীহ বুখারী ও সহীহ মুছলিম)

৫। তাওহীদ হলো আলাহর ﷻ পছন্দ ও মনোনীত একমাত্র দ্বীন। আলাহ ﷻ ইরশাদ করেছেন:-

مسلل هلل دنع نىدل نل

অর্থাৎ:- নিঃসন্দেহে আলাহর নিকট গ্রহণযোগ্য একমাত্র দ্বীন হলো ইছলাম। (ছুরা আ-লে "ইমরান-১৯)

আয়াতে উলিখিত ইছলাম শব্দের অর্থ হলো "ইস্তিছলাম"। অর্থাৎ মনে-প্রাণে আলাহর একত্বকে বিশ্বাস ও স্বীকার করার মাধ্যমে এবং কাজে-কর্মে সর্বক্ষেত্রে আলাহর এককত্ব প্রতিষ্ঠার মাধ্যমে তাঁর (আলাহর) প্রতি পরিপূর্ণরূপে আত্মসমর্পণ করা, তাঁর আদেশ-নিষেধ যথাযথভাবে পালনের মাধ্যমে তাঁর প্রতি পূর্ণ আনুগত্য ও বশ্যতা প্রদর্শন করা এবং সকল প্রকার শির্ক থেকে সম্পূর্ণরূপে মুক্ত ও দূরে থাকা।

৬। তাওহীদ হলো সকল প্রকার গুনাহ ও ভুল-ত্রুটির কাফফারা বা বিমোচনকারী। হাদীছে কোদছীতে রাছুল ﷺ হতে বর্ণিত, আলাহ ﷻ ইরশাদ করেছেন:-

ترفم اهبارقب لتلدبأ اى شىء لى لرشت ال نى نى قىل مٹ اى اطخ ضرأل بارق ب نى نى تى تى ول مدأ نى اى

অর্থাৎ:- হে আদম সন্তান! যদি তুমি আমার সাথে শির্ক না করে (কোন কিছুকে অংশীদার নির্ধারণ না করে) মৃত্যুবরণ করো এবং শির্ক ব্যতীত সমগ্র পৃথিবীসম অপরাধ নিয়ে আমার কাছে আস, তাহলে আমি তোমার সকল পাপকে ক্ষমায় পরিণত করে দেব। (অর্থাৎ, সকল পাপ ক্ষমা করে দেব) { ছুনান তিরমিযী ও মুছনাদে ইমাম আহমদ }

৭। জান্নাতে প্রবেশের প্রধান ও মূল উপায় বা মাধ্যম হলো তাওহীদ।

রাছুল ﷻ ইরশাদ করেছেন:-

قنجل لخد اى شىء من لرشى ال هلل لى قىل نمل

অর্থাৎ:- যে ব্যক্তি আলাহর সাথে কোন কিছুকে অংশীদার না করে মৃত্যুবরণ করবে সে জান্নাতে প্রবেশ করবে। (সহীহ মুছলিম)

তাওহীদে (আলাহর একত্ব) পরিপূর্ণরূপে বিশ্বাসী; একত্ববাদী ছাড়া কেউ জান্নাতে প্রবেশ করতে পারবে না।

আলাহ ﷻ ইরশাদ করেছেন:-

رانل هاوا هو قنجل ملى ع لى ح دقف للل لى لرشى نمل نل



অর্থাৎ:-যারা ঈমান আনে এবং স্বীয় বিশ্বাসকে শির্কের সাথে মিশ্রিত করে না, তাদের জন্যেই শান্তি এবং তারাই সুপথগামী । (ছুরা আল আন'আম- ৮২) ১৪ । তাওহীদ হলো, আলাহুর আনুগত্যের প্রতি এক বড় সহায়ক ও প্রেরণাদানকারী ।

কেননা আলাহুর একত্বে পরিপূর্ণ বিশ্বাসী ব্যক্তি একমাত্র আলাহুর সন্তুষ্টি লাভের নিমিত্তেই যাবতীয় 'আমল (সৎকর্ম) সম্পাদন করে থাকে, তাই সে গোপনে ও প্রকাশ্যে সর্বাবস্থায় নেক 'আমল করে থাকে । পক্ষান্তরে যে ব্যক্তি তাওহীদে (আলাহুর একত্ববাদে) পরিপূর্ণরূপে বিশ্বাসী নয়, যেমন লোক দেখানো 'আমলকারী ব্যক্তি, সে কেবল তখনই কোন ভাল কাজ সম্পাদন করে, যখন আশে-পাশে তার 'আমল দেখার মত কোন লোক উপস্থিত থাকে ।

এ কারণেই ছালাফে সালাহীনের (نبي عم أة لال مومح) মধ্যে কেউ কেউ বলতেন:-

وه ال! اهمل عي ال ةع اطب لال ال! بقرتأ نأ دوال ي ن!

অর্থাৎ:- আমি এমনভাবে আনুগত্যের মাধ্যমে আলাহুর নৈকট্য অর্জন করতে পছন্দ করি, যা একমাত্র আলাহু ব্যতীত অন্য কেউ জানবে না ।

তাই তো রাছুল ﷺ বলেছেন:-

هنإف هارت نكت مل نإف هارت كنأك لال دبع نأ ناسح! ل كاري

অর্থাৎ:- ইহছান হলো, তুমি এমনভাবে আলাহুর 'ইবাদত করবে যেন তুমি তাঁকে দেখছ । আর যদি তুমি তাঁকে দেখতে না পাও তাহলে (এমনভাবে 'ইবাদত করো যে) তিনি অবশ্যই তোমাকে দেখছেন । (সহীহ মুছলিম)